'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2024

## DSC1/2-P3-BENGALI

## বৈষ্ণব পদাবলি ও লোকসাহিত্য

**NEW & RE-REVISED SYLLABUS**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

## DSC3A/3B

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'মন্দির বাহির কঠিন কপাট' — পদটির রচয়িতা কে ? এটি কোন পর্যায়ের পদ ? এখানে 'কপাট' শব্দের অর্থ কী ?

(খ) 'রাধার কি হইল অন্তরে ব্যথা' — পদটির রচয়িতা কে ? রাধার অন্তরে বেদনার কারণ কী ?

(গ) বৈষ্ণব মতে রস কত প্রকার ও কী কী ? এর মধ্যে শ্রেষ্ঠ রস কোনটি ?

(ঘ) গৌরচন্দ্রিকা কাকে বলে ? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে ? তোমার পাঠ্যসূচির অন্তর্গত গৌরচন্দ্রিকা পর্যায়ের পদের প্রথম চরণটি লেখো।

(ঙ) কোন ছড়াটি বাল্যকালে রবীন্দ্রনাথের কাছে মোহমন্ত্রের মত ছিল ? ছড়াটির প্রথম দুটি চরণ উল্লেখ করো।

(চ) 'অব মথুরাপুর মাধব গেল' — পদটির রচয়িতা কে ? এটি কোন পর্যায়ের পদ ? 'মথুরাপুর মাধব' কী কারণে গমন করেছিলেন ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) গ্রাম্যসাহিত্য বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন ?

(খ) গৌরাঙ্গ বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকার পার্থক্য নির্দেশ করো।

(গ) 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' — এই ছড়া প্রসঙ্গে রবীন্দ্রনাথের অভিমত ব্যক্ত করো।

(ঘ) মাথুর কাকে বলে ? তোমার পাঠ্যসূচির অন্তর্গত মাথুর বিষয়ক পদটির সংক্ষিপ্ত ব্যাখ্যা লেখো।

(ঙ) 'কণ্টক গাড়ি কমল সম পদতল' — এই পদটির বক্তব্য নিজের ভাষায় লেখো।

(চ) 'ছেলে ভুলানো ছড়া'র স্বরূপ ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) তোমার পঠিত বৈষ্ণব পদাবলি সাহিত্যের যে-কোনো একজন কবি সম্পর্কে আলোচনা করো।

(খ) 'হরগৌরী' বিষয়ক ছড়াগুলিতে বাঙালির ঘরের কথা কীভাবে ব্যক্ত হয়েছে, রবীন্দ্রনাথের 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

(গ) অভিসার কাকে বলে ? তোমার পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) 'বৈষ্ণব কবিরা আগে ভক্ত, পরে কবি' — আলোচনা করো।

——×——



Maynaguri College Library